সমকাল

তারিখ ... 24 MAR 2017 ...
পৃষ্ঠা ... ১৬ ... কলাম ... ৬ ......

# উপহার পেল শিক্ষার্থীরা

■ গলাচিপা (পটুয়াখালী) প্রতিনিধি

'কী সুন্দার টিপিন বক্স, কী সুন্দার পানির পট এহোন আর বাটি-বোতল লইয়া ইস্কুলে আইতে হইবে না।' কচি হাতে বুকে জড়িয়ে নতুন টিফিন বক্স ও পানির পট নিয়ে কথাগুলো বলছিল গলাচিপা বালিকা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের তৃতীয় শ্রেণির ছাত্রী তামান্না আক্তার। এ রকম অনুভূতি ব্যক্ত করেন গলাচিপা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক মনিরা সুলতানা। তিনি বলেন, বেশিরভাগ ছেলেমেয়ের টিফিন বক্স ও পানির পট ছিল না। পাঠ চলাকালে শিশুদের পানি খেতে শ্রেণিকক্ষের বাইরে যেতে হতো। শিশুরা টিফিন বক্স ও পানির পট পাওয়ায় এ সমস্যার সমাধান হলো। ২০১৬-১৭ অর্থবছরে সংসদ সদস্যের বিশেষ টিআর ও কাবিটা কর্মসূচির আওতায় গলাচিপা উপজেলার ৪৭টি মাধ্যমিক বিদ্যালয়, ৩৭টি মাদ্রাসা ও ১৯৭টি প্রাথমিক বিদ্যালয়ের ৬১ হাজার ৭০৬ ছাত্রছাত্রীর মধ্যে একটি টিফিন বক্স ও একটি করে পানির পট বিতরণ করা হয়। গতকাল বৃহস্পতিবার ইউএনও আবদুল্লাহ আল বাকীর সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন সাবেক বস্ত্রপ্রতিমন্ত্রী আ খ ম জাহাঙ্গীর হোসাইন এমপি। অনুষ্ঠানে বক্তব্য রাখেন জেলা শিক্ষা কর্মকর্তা হোসনে ইয়াসমিন করিমী, অধ্যাপক সন্তোষ দে, গোলাম মোস্তফা টিটো, হাজি মজিবুর রহমান প্যাদা, সামসুজ্জামান লিকন, সর্দার শাহ আলম প্রমুখ। প্রধান অতিথির বক্তব্যে আ খ ম জাহাঙ্গীর হোসাইন এমপি বলেন, সমাজ থেকে জঙ্গিবাদ, মাদক ও সন্ত্রাস নির্মূল করতে হলে মানসম্মত শিক্ষার বিকল্প নেই।



টিফিন বক্স হাতে উচ্ছ্বসিত শিশু শিক্ষার্থীরা — সমকাল